

2nd edition of North East India Festival (July 29-31, 2022)

August 01, 2022

দ্বিতীয় উত্তর-পূর্ব ভারত উৎসব (জুলাই 29-31,2022)

অগাস্ট 01,2022

উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলি এবং ট্রেন্ড এমএমএস -এর সাথে একযোগে ব্যাংককের ভারতীয় দূতাবাস 29-31 জুলাই 2022 ব্যাংককের সেন্ট্রাল ওয়ার্ল্ডে দ্বিতীয় উত্তর-পূর্ব ভারত উৎসবের আয়োজন করেছিল। থাইল্যান্ডের উপমুখ্যমন্ত্রী এবং বাণিজ্যমন্ত্রী মাননীয় জুরিন লক্ষণউইট এবং ভারতের বিদেশ দফতরের রাষ্ট্রমন্ত্রী (এমওএস(আরআরএস))ডক্টর রাজকুমার রঞ্জন সিং এক রাজকীয় অনুষ্ঠানে যৌথভাবে 30জুলাই এই উৎসবের উদ্বোধন করেন। এই অনুষ্ঠানে মেঘালয় ও নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী এবং অরুণাচল প্রদেশের উপ মুখ্যমন্ত্রীএবং উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

2.উদ্বোধনী অধিবেশনে এমওএস(আরআরএস) ভারত ও থাইল্যান্ডের মধ্যে থাকা শক্তিশালী বাণিজ্যিক ও ব্যবসায়িক সম্পর্ক এবং জনগণের সাথে জনগণের ঘনিষ্ঠ যোগাযোগের কথা তুলে ধরেন। বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে ভারতের সাথে, এমনকি রাজ্যস্বত্রেও সম্পর্ক আরো জোরদার করতে, থাইল্যান্ডের আগ্রহের কথা মিস্টার জুরিন প্রকাশ করেন। আসিয়ান অঞ্চলে থাইল্যান্ড ভারতের চতুর্থ বৃহত্তম বাণিজ্য অংশীদার। উত্তর-পূর্ব ভারতে পরিকাঠামোর উন্নয়ন ও এর সাথে দক্ষিণ পূর্ব এশিয়াকে যুক্ত করা এবং ভারত-মায়ানমার-থাইল্যান্ড ত্রিপাক্ষিক হাইওয়ে সমাপ্ত হলে তা ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির মধ্যে বাণিজ্য, বিনিয়োগ ও পর্যটন সম্পর্ক জোরদার করবে। আকাশপথে উত্তর-পূর্ব ভারতের সাথে থাইল্যান্ডের সরাসরি যোগাযোগ স্থাপিত হলে তা বাণিজ্য ও পর্যটনে জোয়ার আনবে। এমওএস (আরআরএস) থাইল্যান্ডের বিদেশ দফতরের উপমন্ত্রী মিস্টার ইসারাভাকদির সাথে 29জুলাই2022 দ্বিপাক্ষিক বৈঠক করেন এবং তারা দুপক্ষের আগ্রহের বিষয়গুলি নিয়ে মত বিনিময় করেন।

3. এই উৎসব উত্তর-পূর্ব ভারতের সাথে থাইল্যান্ডের বাণিজ্য, বিনিয়োগ এবং পর্যটন সম্পর্কের সাথে সাথে জনগণের সাথে জনগণের যোগাযোগ ও অ্যাকাডেমিক বিনিময়ে জোর দিয়েছিল। উত্তর-পূর্ব ভারত থেকে শিল্পী, কারিগর, ব্যবসায়ী/প্রদর্শনকারী, ট্যুর অপারেটর, স্কুলার এবং শিক্ষাবিদদের একটি বড় দল এই উৎসবে অংশগ্রহণ করেছিল।উৎসবচলাকালীন এমএসএমই -র বিচিত্র পণ্য সন্টার নিয়ে একটি প্রদর্শনী; ট্যুরিজম বিটুবি মিট এবং বাণিজ্য সম্মেলন; উত্তর-পূর্ব ভারত এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার মধ্যে ঐতিহাসিক সংযোগ নিয়ে সেমিনার ইত্যাদির আয়োজন করা হয়েছিল।

4. এই বছর উৎসবটির সাথে ভারত ও থাইল্যান্ডের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75বছর পূর্তি ও 'আজাদিকা অমৃত মহোৎসব' -এর সমাপ্তন হয়েছে।

নিউদিল্লি

অগাস্ট 01,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.